আজকের কাগজ

তারিখ 03 OCT 1991
পৃষ্ঠা ১ কলাম ৭

6

# 'ঢাকা কলেজ সন্ত্রাসকারীদের কবলে' —ছাত্রলীগ

কাগজ প্রতিবেদক ঃ 'ঢাকা কলেজের সাধারণ ছাত্ররা সন্ত্রাসকারীদের কাছে অসহায় ও জিম্মি হয়ে পড়েছে। কিন্তু কলেজ প্রশাসন ও নিরাপত্তা বাহিনী এ ব্যাপারে দারুণ উদাসীন।' গতকাল বুধবার বিকেলে জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ ছাত্রলীগ (আ-অ) ঢাকা কলেজ শাখা আয়োজিত এক সংবাদ সম্মেলনে লিখিত বক্তৃতায় একথা বলা হয়।

সংবাদ সম্মেলনে বলা হয়, কেন্দ্রীয় কর্মসূচি অনুযায়ী গত মঙ্গলবার সংগঠনের পক্ষ থেকে কলেজ ক্যাম্পাসে মিছিল বের করা হলে ছাত্রদলের চিহ্নিত সন্ত্রাসকারীরা মিছিলের ওপর গুলি চালায়। ফলে ছাত্রলীগ নেতা শামীমসহ আরো কয়েকজন আহত হন।

কলেজ অধ্যক্ষের উপস্থিতিতেই ঐ ঘটনা ঘটেছে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।